অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়ারেন কাউন্টিতে ADIRONDACK NORTHWAY BRIDGES প্রতিস্থাপন করার জন্য 21.1 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেন

লেক জর্জ শহরে মার্কিন রুট 9 এর উপর নতুন স্প্যান, প্রাথমিকভাবে দ্বিপক্ষীয় অবকাঠামো চুক্তির মাধ্যমে অর্থায়িত, গুরুত্বপূর্ণ নর্থ-সাউথ সংযোগকারী বরাবর সুরক্ষা ও স্থিতিশীলতা বৃদ্ধি করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 21.1 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের সমাপ্তি ঘোষণা প্রদান করেন যা ওয়ারেন কাউন্টিতে মার্কিন রুট 9 এর উপর Adirondack Northway (ইন্টারস্টেট 87) বহনকারী দুটি সেতু প্রতিস্থাপন করে, সুরক্ষা বৃদ্ধি করে এবং নর্থ কাউন্টি ও অ্যাডিরনড্যাকসকে পরিষেবা প্রদানকারী এই গুরুত্বপূর্ণ মহাসড়কে ভ্রমণের উন্নতি ঘটায়। প্রকল্পটি জীর্ণশীর্ণ টুইন স্প্যানগুলি প্রতিস্থাপন করেছিল, যেগুলি একটি একক কাঠামো দিয়ে -1960 এর দশকের মাঝামাঝি সময়ে তৈরি হয়েছিল, যা উন্নত ট্রাফিক ব্যবস্থাপনা সরবরাহ করার মাধ্যমে প্রতিকূল আবহাওয়ার বিরুদ্ধে শক্তিশালী স্থিতিশীলতা প্রদান করে। লেক জর্জ শহরের এক্সিট 22 ও 23 এর মধ্যে অবস্থিত, নতুন স্থাপনাটির 75 বছরের আনুমানিক আয়ুষ্কাল রয়েছে, যা পরবর্তী প্রজন্মের জন্য এই গুরুত্বপূর্ণ ভ্রমণ রুটের অব্যাহত প্রাপ্যতা নিশ্চিত করতে সাহায্য করে।

"সড়ক ও সেতুতে বিনিয়োগের মাধ্যমে আমরা আমাদের সমগ্র স্টেটের দীর্ঘস্থায়ী সুস্থতা, দৃঢ়তা ও অর্থিক নিরাপত্তা নিশ্চিত করত সাহায্য করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "Adirondack Northway বরাবর এই সেতু প্রতিস্থাপন প্রকল্পটি হাজার হাজার গাড়ি চালক যারা প্রতিদিন এই গুরুত্বপূর্ণ মহাসড়কটি ভ্রমণ করে তাদের জন্য উন্নত গতিশীলতা প্রদান করবে এবং নর্থ কাউন্টিতে পণ্য ও বাণিজ্যের প্রবাহের জন্য আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ মহাসড়কগুলির স্থায়িত্ব ও স্থিতিশীলতা উন্নত করবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা Charles Schumer (চার্লস শুমার) বলেন, "Adirondack Northway ব্রিজগুলি ওয়ারেন কাউন্টিতে গুরুত্বপূর্ণ সংযোগকারী, যা বাসিন্দা ও দর্শনার্থীদের অত্যন্ত সুন্দর লেক জর্জ এলাকায় পৌঁছাতে এবং কানাডার সাথে আন্তর্জাতিক বাণিজ্যে সহজতর করে। এই মুহূর্তে, দ্বিপক্ষীয় অবকাঠামো ও শ্রম আইন থেকে প্রায় 19 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অর্থায়নের জন্য ধন্যবাদ যা আমি সিনেটে পাস করেছি, নর্থ কাউন্টির অবকাঠামোতে এই বিনয়োগ সুরক্ষা বৃদ্ধি করছে, কর্মসংস্থান তৈরি করছে এবং

আমাদের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখছে। আমি নিশ্চিত করার জন্য লড়াই করেছি যে রাস্তা ও সেতুর জন্য অর্থায়ন দ্বিপক্ষীয় অবকাঠামো ও শ্রম আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আমি গভর্নর Hochul (হোকল) এর কাজের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি যে এই ফেডারেল ডলারগুলি প্রতিদিন এই মহাসড়ক ব্যবহার করে এমন হাজার হাজার চালক ও যাত্রীদের সাহায্য করছে।"

সিনেটর Kirsten Gillibrand (কার্স্টেন গিলিব্র্যান্ড) বলেন, "এই সেতু প্রতিস্থাপন প্রকল্পটি নিরাপত্তা বৃদ্ধি করবে, ট্রাফিক প্রবাহ উন্নত করবে এবং আপস্টেট নিউ ইয়র্কের একটি গুরুত্বপূর্ণ অবকাঠামোর স্থায়িত্ব বৃদ্ধি করবে। আমি দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাসের জন্য লড়াই করতে পেরে গর্বিত, যা এই প্রকল্পটিকে অর্থায়ন করেছিল এবং আমি আমাদের অবকাঠামোগত উন্নয়নের জন্য নিউ ইয়র্কে ফেডারেল ডলার সরবরাহের জন্য কাজ চালিয়ে যাব।"

লেক জর্জ ও ওয়ারেনসবার্গের মধ্যবর্তী নর্থওয়ের সেকশন; এবং মার্কিন রুট 9, নর্থ কাউন্টি ও অ্যাডিরনড্যাকসের মধ্যেএটি হল ভ্রমণের জন্য গুরুত্বপূর্ণ করিডোর। নর্থওয়ে কানাডার সাথে একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংযোগ এবং ইন্টারস্টেট ও আঞ্চলিক ট্রাফিককে সেবা প্রদান করে।

2022 সালে শুরু হওয়া, প্রতিস্থাপন প্রকল্পটি মার্কিন রুট 9 থেকে 49 ফুট 6 ইঞ্চি উপরে ন্যূনতম স্তরের উচ্চতা সহ একটি 323-ফুট-লম্বা, দুই-স্প্যান, স্টিলের মাল্টি-গার্ডার ব্রিজ নির্মাণ করেছে। নতুন সেতুটি মূল দুটি স্প্যানের মধ্যে নির্মিত হয়েছিল, যা প্রকল্পের বেশিরভাগ সময় জুড়ে প্রতিটি দিকে তিনটি ভ্রমণ লেনের মধ্যে দুটিকে রক্ষণাবেক্ষণ করা সহজতর করে। নতুন সেতুটি একটি সিমেন্ট-কংক্রিট মিশ্রণ ব্যবহার করেও তৈরি করা হয়েছিল যা শুধুমাত্র কংক্রিটের চেয়ে শক্তিশালী ও আরও টেকসই এবং উৎপাদন প্রক্রিয়া চলাকালীন সময়ে কম গ্রিনহাউস গ্যাস নির্গমন করে।

প্রকল্পের জন্য অর্থায়নের নব্বই শতাংশ দ্বিপক্ষীয় অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের মাধ্যমে সরবরাহ করা হয়েছিল।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার (New York State Department of Transportation, DOT) Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডোমিনগুয়েজ) বলেন, "নিউ ইয়র্ক স্টেট DOT অবকাঠামোতে ঐতিহাসিক বিনিয়োগ অব্যাহত রেখেছে যা আমাদের কমিউনিটিগুলিকে সংযুক্ত রাখবে এবং আমাদের অবকাঠামোকে আমাদের পরিবর্তিত জলবায়ুতে আরও স্থিতিশীল রাখবে। Adirondack Northway বরাবর এই নতুন সেতুটি ভ্রমণযাত্রাকে সহজ করে তুলবে এবং একটি গুরুত্বপূর্ণ সংযোগকারীর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চিত করতে সহায়তা করবে যা ক্যাপিটাল রিজিওন, নর্থ কাউন্টি ও এর মধ্যে সকল পয়েন্টের অর্থনৈতিক খাতগুলিকে শক্তি সরবরাহ করতে সাহায্য করবে।"

স্টেট সিনেটর Dan Stec (ড্যান স্টেক) বলেন, "রুট 9 এর উপর দিয়ে নর্থওয়েকে বহনকারী দুটি সেতুর প্রতিস্থাপনের সমাপ্তিকে স্বাগত জানাই। এই প্রয়োজনীয় প্রতিস্থাপন প্রজন্মের পর

প্রজন্ম ধরে চালকদের জন্য প্রাপ্যতা ও সুরক্ষা উন্নত করবে এবং আমাদের অঞ্চলটি একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কেন্দ্র ও ট্রাভেল করিডোর হিসেবে রয়েছে তা নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি মেম্বার Matthew Simpson (ম্যাথিউ সিম্পসন) বলেন, "Adirondack Northway বহনকারী দুটি সেতুর প্রতিস্থাপন, লেক জর্জকে ওয়ারেনসবার্গের সাথে সংযুক্ত করে এবং অ্যাডিরনড্যাক পার্কের মধ্যে কমিউনিটির সত্যিকারের প্রবেশদ্বার হিসেবে সেবা প্রদান করে, যা উদযাপনের একটি সত্যিকারের কারণ। স্টেটটি আবারও একটি আধুনিক অবকাঠামো উন্নয়ন করেছে যা আগামী বহু দশক ধরে নিউইয়র্কবাসীর মৌলিক ভ্রমণ এবং নিরাপত্তা প্রয়োজনীয়তা পূরণ করবে। আমি গভর্নর Hochul (হোকল) ও NYS DOT এর কমিশনার ডোমিনগুয়েজকে আমাদের সম্মিলিত অবকাঠামোগত চাহিদা পূরণের চলমান প্রতিশ্রুতির জন্য এবং সেই সাথে সেই সকল পুরুষ ও নারী যারা দীর্ঘ মাস ধরে কাজ করে এই সেতু বাস্তবায়িত করেছেন এবং পথের ধারে অসংখ্য চালকদের জন্য নিরাপদ যাতায়াতের ব্যবস্থা নিশ্চিত করেছেন তাদেরকে ধন্যবাদ জানাই।"

পরিবহন দপ্তর সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরও তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন